নিউইয়র্ক স্টেট

স্টেট বোর্ড অব ইলেকশনস

Albany, New York

1লা আগস্ট, 2014

প্রত্যয়ন

নিউ ইয়র্ক স্টেট বোর্ড অব ইলেকশনসের প্রতি:

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি সহকারে জানানো হচ্ছে যে আগামী 4ই নভেম্বর 2014 মঙ্গলবার সাধারণ নির্বাচনের দিন ধার্য করা হয়েছে, উক্ত প্রস্তাব নিউইয়র্কবাসীর কাছে অনুমোদনের জন্য জমা দেওয়া হবে: দুই নম্বর প্রস্তাবনা, সংশোধনী।

দুই নম্বর প্রস্তাবনা, সংশোধনীর পাঠ্য

সেনেট এবং পরিষদের সমবর্তী সঙ্কল্প গ্রহণ

বিল পাশ করার পদ্ধতি সম্পর্কে সংবিধানের 3 নং অনুচ্ছেদের 14 ধারার একটি সংশোধনী প্রস্তাব

ধারা 1. সমাধান (যদি সেনেট একমত হয়), 3 নং অনুচ্ছেদের 14 নং ধারা যা সংশোধন হবে, যা নিম্নরূপ:

§ 14. গভর্নরের বা ভারপ্রাপ্ত গভর্নর দ্বারা স্টেটের সীলমোহর দিয়ে প্রত্যায়িত না করা কোনো বিল মুদ্রিত না এবং চূড়ান্ত করার অন্তত তিন দিন আগে সদস্যদের ডেস্কে না পাঠানো হলে তা পাশ বা আইন রূপে স্বীকৃত হবে না, কিন্তু যেখানে অবিলম্বে গভর্নরের ভোট অপরিহার্য সেক্ষেত্রে সেটি চূড়ান্ত করার আগে মুদ্রণ না করা গেলেও সদস্যদের ডেস্কে থাকা আবশ্যক। আইনসভার প্রতিটি শাখায় নির্বাচিত সদস্যদের একটি সংখ্যাগরিষ্ঠ সম্মতি না থাকলে কোনো বিল পাশ হবে না বা তা আইনে পরিণত হবে না। বিলটি শেষবার পড়ার সময় তাতে কোনো রকম সংশোধনী করা যাবে না এবং তা চূড়ান্ত করার আগে অবিলম্বে তা সম্পর্কে প্রশ্ন করা যাবে এবং তার একটি সম্মতিসূচক এবং নেতিবাচক উত্তর জার্নালে লেখা হবে।

ব্যাখা-আন্ডারস্কোরের মধ্যে থাকা বিষয় হল নতুন; [ ] থাকা হল বিষয় হল পুরানো যা বাদ দেওয়া হবে।

এই ধারার উদ্দেশ্যগুলির জন্য, একটি বিল মুদ্রণ করা হবে বলে গণ্য করা হবে এবং প্রতিটি সদস্যদের ডেস্কে তা পৌঁছানো হবে যদি: এটি বৈদ্যুতিক উপায়ে স্পষ্ট ইলেক্ট্রনিক বিন্যাসে ঘোষণা করা হয় এবং সদস্যদের ডেস্কে সেই একই বিন্যাস পর্যালোচনার জন্য উপলব্ধ হয়। এই ধারার উদ্দেশ্যগুলির "বৈদ্যুতিক উপায়ে" এর অর্থ হল, যে কোনো পদ্ধতিতে কম্পিউটার বা অন্যান্য মেশিনের মধ্যে এই ধরণের তথ্য আদানপ্রদান করা এবং যা: প্রাপককে প্রকাশের একটি বাস্তব মাধ্যমে প্রেরিত তথ্য পুনর্গঠন করার অনুমতি দেয়। কিন্তু তার পর্যাপ্ত রেকর্ড না দিয়ে সংযোজন, বাদ দেওয়া বা অন্যান্য পরিবর্তনগুলির অনুমতি দেয় না।

§ 2. সমাধান (সেনেট একমত হলে), পূর্বোল্লিখিত সংশোধনী নির্বাচন আইনের প্রবিধান অনুসারে 2014 সালে যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে সেখানে জনসাধারণের অনুমোদনের জন্য জমা দেওয়া হবে।

দুই নম্বর প্রস্তাবনার, সংশোধনীর পাঠ্যের সারসংক্ষেপ

স্টেট আইন বিলের বৈদ্যুতিন বিতরণের অনুমতি

সাংবিধানিক আবশ্যকতা যা হল বিল মুদ্রণ করা হবে এবং আইনসভায় তার জন্য ভোটাভুটির আগে স্টেটের বিধায়কদের ডেস্কে তা রাখা হবে, তা পূরণ করতে এই প্রস্তাবের উদ্দেশ্য হল স্টেট আইন বিলের বৈদ্যুতিন বিতরণের অনুমতি দেওয়া। সংবিধানের বর্তমান বিধান অনুযায়ী, এই আবশ্যকতা কেবলমাত্র মুদ্রিত প্রতিলিপির বিতরণের মাধ্যমে পূরণ করা যাবে।

প্রস্তাবটি স্টেটের সংবিধানের 3 নং অনুচ্ছেদের 14 নং ধারার সংশোধন করবে। যদি প্রথমত বৈদ্যুতিন উপায়ে স্পষ্ট ইলেক্ট্রনিক বিন্যাসে ঘোষণা করা হয় এবং দ্বিতীয়ত বিধায়করা তাদের আসনে ইলেক্ট্রনিক বিন্যাসে বিলটির পর্যালোচনা করতে সক্ষম হন তাহলে এটি এমনভাবে প্রদান করা হবে যেটি বিলটিকে আইনসভার সদস্যদের "আসনে মুদ্রণ করে রাখা" হবে বলে বিবেচনা করা হবে। প্রস্তাবটি প্রতিষ্ঠা করবে যে যখন বিলটি "**বৈদ্যুতিন** উপায়ে" এর মাধ্যমে ঘোষিত, তথ্য পাঠানো এবং গ্রহণ করার জন্য কম্পিউটার বা ডিজাইন করা অন্যান্য মেশিন দ্বারা পাঠানো হয় তখন প্রাপক বিধায়ক ইচ্ছা করলে বিলটি মুদ্রিত করতে পারেন এবং কোনো রেকর্ড না করে বিলে পরিবর্তন করা যাবে না।

দুই নম্বর প্রস্তাবনা, সংশোধনী জমা করার ফর্ম

স্টেট আইন বিলের বৈদ্যুতিন বিতরণের অনুমতি

সাংবিধানিক আবশ্যকতা যা হল বিল মুদ্রণ করা হবে এবং আইনসভায় তার জন্য ভোটাভুটির আগে স্টেটের বিধায়কদের ডেস্কে তা রাখা হবে, তা পূরণ করতে স্টেটের সংবিধানে 3 নং অনুচ্ছেদের 14 নং ধারার উদ্দেশ্য হল স্টেট আইন বিলের বৈদ্যুতিন বিতরণের অনুমতি দেওয়া। বৈদ্যুতিন বিতরণের জন্য এটি নিম্নলিখিত আবশ্যকতার প্রতিষ্ঠা করবে: প্রথমত বিধায়করা তাদের আসনে বসে তাদেরকে বৈদ্যুতিনভাবে পাঠানো বিল অবশ্যই পর্যালোচনা করতে সক্ষম হবেন, দ্বিতীয়ত, তারা ইচ্ছা করলে অবশ্যই তা মুদ্রণ করতে পারবেন। তৃতীয়ত পরিবর্তনের রেকর্ড না করা পর্যন্ত বৈদ্যুতিনভাবে বিলের পরিবর্তন করা যাবে না। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদন করা হবে?

ব্যাখা-আন্ডারস্কোরের মধ্যে থাকা বিষয় হল নতুন; [ ] থাকা হল বিষয় হল পুরানো যা বাদ দেওয়া হবে।

এতদ্বারা আমরা প্রত্যয়ন করছি যে ব্যালট প্রস্তাবনা দ্বিতীয় সংখ্যা, সংশোধনীর পূর্বোল্লিখিত পাঠ্য হল স্টেটের বিভাগীয় ফাইলের মধ্যে থাকা প্রত্যয়িত আসল নথির সঠিক প্রতিলিপি।

2014 সালের 1লা আগস্ট অ্যালবনি শহরে স্টেট নির্বাচন বোর্ডের অফিসে সীল দেওয়া হয়েছে।

Douglas A. Kellner
সহ-সভাপতি
নিউইয়র্ক স্টেট বোর্ড অব ইলেকশনস

James A. Walsh
সহ-সভাপতি
নিউইয়র্ক স্টেট বোর্ড অব ইলেকশনস